

St. Xavier's School, Purulia

Bengali Literature (PHASE-II)

Class - V

Date - 25/05/2020

কবিতা - “আত্মপরিচয়” - মাইকেল মধুসূদন দত্ত।

(ক) সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলি :

১। কবি কবিতাটি কেন রচনা করেছিলেন ?

উত্তর :- খ্রিস্টানরা মৃত ব্যক্তিকে কবরে সমাধি দেয়। সমাধির ওপর একটি পাথর বা স্তম্ভের গায়ে মৃতের জন্ম, মৃত্যু ও বৎস পরিচয় লেখা থাকে। কবি মাইকেল মধুসূদন দত্ত তার পরিচয় লিপিটি মৃত্যুর আগেই একটি সুন্দর কবিতার আকারে লিখে যান, যাতে তিনি মারা যাবার পর সেটি তার সমাধিস্তম্ভের গায়ে খোদাই করা থাকে। তাই তিনি কবিতাটি রচনা করেছিলেন।

২। কবিতাটির নাম ‘আত্মপরিচয়’ দেওয়া কি সঠিক হয়েছে? যুক্তি দাও।

উত্তর :- কবি ‘মধুসূদন দত্ত’ কবিতাটির মাধ্যমে নিজের পিতা ও মাতার নাম বৎস পরিচয় ও বাসস্থান স্পষ্ট ভাবে উল্লেখ করেছেন, নিজের সম্বন্ধে এভাবে সব কিছু বলেছেন বলে কবিতাটির নাম ‘আত্মপরিচয়’ যথার্থ ও সঠিক হয়েছে।

৩। “জন্ম যদি তব / বঙ্গে! তিষ্ঠ ক্ষণকাল” - কাকে উদ্দেশ্য করে কথাগুলি বলা হয়েছে? - কবি তাকে কোথায় দাঁড়াতে বলেছেন? কেন? ‘বঙ্গে জন্ম’ যাদের, কেবলমাত্র তাঁদেরই কবি অপেক্ষা করতে বলেছেন কেন?

উত্তর :- উদ্বৃত্ত অংশটি কবি মাইকেল মধুসূদন দত্তের লেখা ‘আত্মপরিচয়’ কবিতার অংশ। এখানে অজ্ঞাত পরিচয় কোন বাঙালি পথিক কে উদ্দেশ্য করে কথাগুলি বলা হয়েছে।

- কবি তাঁকে তার নিজের সমাধিস্তম্ভের কাছে দাঁড়াতে বলেছেন।
- পথিক যাতে কোন রকম ভাবেই তার সমাধিস্তম্ভটি ফেলে রেখে এগিয়ে না যান, বরং সেখানে একটু সময় দাঁড়িয়ে কবিকে একবার স্মরণ করে যান, সেই জন্য কবি এই অনুরোধটি করেছেন।

- ‘বঙ্গে জন্ম’ যাদের অর্থাৎ যারা বাঙালি, কবি একমাত্র তাঁদেরই দাঁড়াতে বলেছেন কারণ কবির সমাধিস্তম্ভের উপরে খোদাই করা কবিতাটি বাংলা ভাষায় লেখা। বাংলাভাষী ছাড়া কেউ তা বুঝতে পারবে না। জীবনের শেষ দিকে কবি বুঝেছিলেন যে মাতৃভাষাই পৃথিবীর শ্রেষ্ঠ ভাষা এবং বাঙালিরাই তার সবচেয়ে আপন। তাই বাঙালিদেরই তিনি দাঁড়াতে বলেছেন।

(খ) অতি সংক্ষিপ্ত উত্তরধর্মী প্রশ্নাবলি :

১। মধুসূদন কোন বৎশের সন্তান ?

উত্তর :- কবি মাইকেল মধুসূদন দত্ত বাংলাদেশের যশোহর জেলার বিখ্যাত ‘দত্ত’ বৎশের সন্তান ছিলেন।

২। মধুসূদনের পিতা ও মাতার নাম কি ছিল ?

উত্তর :- মধুসূদনের পিতার নাম ছিল রাজনারায়ণ দত্ত এবং মাতার নাম জাহাঙ্গীর দেবী।

৩। মধুসূদনের জন্ম হয়েছিল কোথায় ?

উত্তর :- মধুসূদন দত্তের জন্ম হয়েছিল বাংলাদেশের যশোহর জেলার অন্তর্গত কপোতাম্ব নদীর তীরে অবস্থিত সাগরদাঁড়ি গ্রামে।

(গ) নৈবেকিক ও ব্যাকরণগত প্রশ্নাবলী :

১। অর্থ লেখো :-

তিষ্ঠ - দাঁড়াও / অপেক্ষা করো

কুলোন্তর - যে বৎশে জন্ম

মহামতি - অত্যন্ত জ্ঞানী ও ধার্মিক

ক্ষণকাল - অল্প সময়

বিরাম - বিশ্রাম

মহানিদ্রাবৃত - চিরনিদ্রায় শায়িত / মৃত

পথিক বর - হে পথিক

২। গদ্যরূপ লেখো :-

তব - তোমার

যেমতি - যেমন

মহীর - পৃথিবীর

পদে - পায়ে

লভয়ে - লাভ করে

৩। এককথায় প্রকাশ করো :-

(ক) যিনি জন্ম দান করেন - জন্মদাতা

(খ) নিজের পরিচয় দান করা - আত্মপরিচয়

(গ) জন্ম গ্রহণের স্থান - জন্মভূমি

(ঘ) যেখানে সমাধি দেওয়া হয় - সমাধিস্থল

(ঙ) চিরকালীন নিদ্রায় আবৃত আছেন যিনি - চিরনিদ্রাবৃত

বাড়ীর কাজ :- শুণ্যস্থানপূরণ ও বাক্যরচনা প্রশ্ন ১ ও প্রশ্ন ৪ নিজে করো।